একই স্মারক ও তারিখের সংশোধিত অনুলিপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুষ্টিয়া সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কুষ্টিয়া।

Website: kushtia.polytech.gov.bd

E-mail:kushtiapoly.27040@gmail.com

কারিগরি শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর

পরিচালক (প্রশাসন)		সহকারী পরিচালক	
পরিচালক (ভোকেশনাল)			
পরিচালক (পলিটেকনিক/পিআইডব্লিউ)			
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)		অন্যান্য	
পরিচালক (পিআইইউ)		পিএস টু মহাপরিচালক	
প্রকল্প পরিচালক		মহাপরিচালক (অঃ দাঃ)	
ডকেট নং-		তারিখঃ-	

স্মারক নং: ৫৭.০৩.৫০০০.৩০৪.০৭.০০১.২৬-১৭৯৭ তারিখ: ০৮-১০-২০২৬ খ্রি.

বিষয়: নিলামের জন্য সংশোধিত দরপত্র বিজ্ঞপ্তিটি কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অভ্যন্তরে "১০তলা একাডেমিক ভবন" ও "০৫ তলা ছাত্রী হোস্টেল" নির্মাণের স্থানে বিদ্যমান (১) সেমিপাকা ভবন ও সীমানা প্রাচীর (২) গাছ ও ঝড়েপড়া জমাকৃত কাঠ/গাছ (৩) সেমিপাকা ভবন ও অকেজো লোহার রড, জানালা, গ্রিল এবং অন্যান্য স্ক্র্যাপ অপসারণের লক্ষ্যে উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তিটি কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো (কপি সংযুক্ত)।

(মোহাঃ রুহুল আমিন)
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট,
কুষ্টিয়া।

প্রাপক,
মহাপরিচালক,
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা,
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং: ৫৭.০৩.৫০০০.৩০৪.০৭.০০১.২৬-১৭৯৮ তারিখ: ০৮-১০-২০২৬ খ্রি.

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

১। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৪। পুলিশ সুপার, কুষ্টিয়া।
৫। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া।
৬। বিভাগীয় বন কর্মকর্তা, কুষ্টিয়া জোন, কুষ্টিয়া।
৭। সংরক্ষণ নথি।

(মোহাঃ রুহুল আমিন)
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট,
কুষ্টিয়া।

স্মারক নং: ৫৭.০৩.৫০০০.৩০৪.০৭.০০১.২৬-১৮০২ তারিখ: ০৮-১০-২০২৬ খ্রি.

একই স্মারক ও তারিখের সংশোধিত অনুলিপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুষ্টিয়া সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কুষ্টিয়া।

Website: kushtia.polytech.gov.bd

E-mail:kushtiapoly.27040@gmail.com

স্মারক নং: ৫৭.০৩.৫০০০.৩০৪.০৭.০০১.২৬-১৭৯৬

তারিখ: ০৮-১০-২০২৬ খ্রি.

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (সংশোধিত)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ০৫ ফেব্রুয়ারি ২০০৩ তারিখের স্মারক নং-শিম/শা-১১/বিবিধ-৪/২০০৩/১১৯ পরিপত্র ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১৬ অক্টোবর ২০২২ তারিখের ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০৭.২০.১৮৭ নং পরিপত্রের নির্দেশনার আলোকে জেলা প্রশাসক, কুষ্টিয়া কর্তৃক অনুমোদিত ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া এবং সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া কর্তৃক মূল্য নির্ধারণকৃত অত্র প্রতিষ্ঠানের অভ্যন্তরে **"১০তলা একাডেমিক ভবন" ও "০৫ তলা ছাত্রী হোস্টেল" নির্মাণের স্থানে বিদ্যমান (১) সেমিপাকা ভবন ও সীমানা প্রাচীর (২) গাছ ও ঝড়েপড়া জমাকৃত কাঠ/গাছ (৩) সেমিপাকা ভবন ও অকেজো লোহার রড, জানালা, গ্রিল এবং অন্যান্য স্ক্র্যাপ** অপসারণ/বিক্রয়ের লক্ষ্যে যোগ্য দরপত্রদাতাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

উন্মুক্ত দরপত্রের বিবরণ

ক্র নং	দরপত্রের বিবরণ ও প্রাক্কলিত মূল্য	দরপত্র ক্রয়ের তারিখ, সময় ও স্থান	দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ, সময় ও স্থান	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	মন্তব্য
১	**'সেমিপাকা ভবন ও সীমানা প্রাচীর'** মূল্য ৭৭,১০৫/- (সাতাত্তর হাজার একশত পাঁচ টাকা)	১১/১০/২০২৬ হতে ১৩/১০/২০২৬ খ্রি. পর্যন্ত। সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত। ক্যাশ সেকশন প্রশাসনিক ভবন, নিচ তলা, কুষ্টিয়া সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট।	১৪/১০/২০২৬ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা ক্যাশ সেকশন প্রশাসনিক ভবন, নিচ তলা, কুষ্টিয়া সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট।	১৪/১০/২০২৬ খ্রি. সকাল ১১.৩০ ঘটিকা কনফারেন্স রুম প্রশাসনিক ভবন, ৩য় তলা কুষ্টিয়া সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট।	
২	**'গাছ ও ঝড়েপড়া জমাকৃত কাঠ/গাছ'** মূল্য ৩,৭৬,১৬০/- (তিন লক্ষ ছিয়াত্তর হাজার একশত ষাট টাকা)				
৩	**'সেমিপাকা ভবন ও অকেজো লোহার রড, জানালা, গ্রিল এবং অন্যান্য স্ক্র্যাপ'** মূল্য ৬,১১,৫০০/- (ছয় লক্ষ এগার হাজার পাঁচ শত টাকা)				

শর্তাবলী

১। দরপত্র ক্রয়ের সময় সিডিউল মূল্য ৩০০/- অফেরতযোগ্য রশিদমূলে জমা পূর্বক সিডিউল সংগ্রহ করতে হবে।

২। অংশগ্রহণকারী দরপত্রদাতাকে **জামানত হিসেবে প্রাক্কলিত মূল্যের ১০% টাকা ফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট বরাবর)** সিডিউলের সাথে জমা দিতে হবে।

৩। নিলামে অংশগ্রহণকারী সর্বোচ্চ দরপত্র দাতাকে ডাক মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর প্রদান করতে হবে।

৪। অংশগ্রহণকারী দরপত্রদাতাকে সরজমিনে **(দরপত্রের বিবরণ) পরিদর্শন করে নিজস্ব প্যাডে মূল্য উল্লেখ পূর্বক (সীল ও স্বাক্ষরসহ)** দরপত্র দালিখ করতে হবে।

৫। নিলামে অংশগ্রহণকারী সর্বোচ্চ দরদাতাকে সমুদয় অর্থ পরবর্তী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে নগদ রশিদের মাধ্যমে নিলাম কমিটির নিকট জমা দিতে হবে। অন্যথায় জামানতের টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

৬। সর্বোচ্চ দরদাতা কৃতকার্য দরদাতা হিসেবে বিবেচিত হবে এবং কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে অপসারণ কাজ সম্পন্ন করতে হবে অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।

৭। নিলামকৃত মালামালসমূহ অপসারণ এবং উক্ত জায়গা পরিষ্কার-পরিচ্ছন্নতা পূর্বক কার্যাপোযোগী করতে হবে। অপসারণ কালে অত্র প্রতিষ্ঠানের কোন ক্ষতি হলে এর ক্ষতিপূরণ দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

৮। সিডিউলের সাথে দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN Certificate, হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশনের ফটোকপি ও সিডিউল ক্রয়ের মূল রশিদ জমা দিতে হবে।

৯। কোন কারণে সর্বোচ্চ দরদাতা কর্তৃক নিলাম কার্যাদেশ সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির যোগ্য বলে বিবেচনা করা হবে। এক্ষেত্রে সর্বোচ্চ দরদাতার জামানত টাকা বাজেয়াপ্ত করা হবে।

১০। বিক্রিত গাছ/কাঠ বনজদ্রব্য জেলা/আন্ত:জেলায় পরিবহনের ক্ষেত্রে বন বিভাগের নিকট হতে স্থানান্তর পাস (টি.পি) সংগ্রহ করতে হবে।

১১। কোন কারণ দার্শানো ব্যতিরেকে নিলাম কার্যক্রম বাতিল করার পুর্ণ ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১১/১০/২৬

(মোহাঃ রুহুল আমিন)

অধ্যক্ষ

কুষ্টিয়া সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট,

কুষ্টিয়া।